'সমানো মন্ত্রঃ সমিতিঃ সমানী'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 5th Semester Examination, 2024

## DSE-P1-BENGALI

### NEW & RE-REVISED SYLLABUS

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

**The question paper contains paper DSE-1A and DSE-1B**
**The candidates are required to answer any *one* from the *two* courses.**
**Candidates should mention it clearly on the Answer Book.**

## DSE-1A

### উনিশ ও বিশ শতকের প্রবন্ধ

১। যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) 'মেঘদূত' প্রবন্ধটি কোন মূল গ্রন্থের অন্তর্ভুক্ত ? উক্ত প্রবন্ধ গ্রন্থটি কত সালে রচিত ?

(খ) 'রাজসিংহ' প্রবন্ধটি কোন প্রবন্ধ গ্রন্থের অন্তর্গত ? বঙ্কিমচন্দ্রের কোন উপন্যাস নিয়ে রবীন্দ্রনাথ এখানে আলোচনা করেছেন ? উপন্যাসটিতে তিনি কোন রসের উল্লেখ করেছেন ?

(গ) 'বাহুবল না বাক্যবল' প্রবন্ধটি কোন পত্রিকায় প্রথম প্রকাশিত হয় ? প্রবন্ধটি কোন গ্রন্থে অন্তর্ভুক্ত হয়েছে ? গ্রন্থটি কবে প্রকাশিত হয় ?

(ঘ) 'বাঙ্গালা ভাষা' প্রবন্ধে উল্লিখিত তিনজন মহাপুরুষের নাম উল্লেখ করো।

(ঙ) বুদ্ধদেব বসুর 'রামায়ণ' প্রবন্ধে উল্লিখিত তিনজন লেখকের নাম লেখো।

(চ) 'রবীন্দ্রনাথ ও উত্তর সাধক' প্রবন্ধ অবলম্বনে প্রাবন্ধিকের মতে রবীন্দ্রনাথের উত্তর সাধকদের তিনটি সংকটের উল্লেখ করো।

২। যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) 'ভাষা হচ্ছে উন্নতির প্রধান উপায়-লক্ষণ।'— প্রাবন্ধিক কোন্ ধরনের ভাষার পক্ষে তাঁর মতামত ব্যক্ত করেছেন ?

(খ) 'রাজসিংহ' প্রবন্ধ অবলম্বনে ইতিহাসের সঙ্গে উপন্যাসের পার্থক্য বুঝিয়ে দাও।

(গ) 'রামায়ণে অসংগতি অসংখ্য।' — বুদ্ধদেব বসুর 'রামায়ণ' প্রবন্ধ অবলম্বনে রামায়ণের কয়েকটি অসংগতির উল্লেখ করো।

(ঘ) পটুয়া শিল্প বলতে কী বোঝো ? পল্লী শিল্পের ধ্বংসের কারণগুলি প্রাবন্ধিকের অনুসরণে লেখো।

(ঙ) 'রায়তের কথা' প্রবন্ধে রায়তদের পরিচয় দাও।

(চ) 'বিজ্ঞানে সাহিত্য' প্রবন্ধ অবলম্বনে বিজ্ঞান ও সাহিত্যের মধ্যে কয়েকটি সম্পর্কের উল্লেখ করো।

৩। যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২= ২৪

(ক) 'বর্তমান বাংলা সাহিত্য' প্রবন্ধে লেখক প্রমথ চৌধুরী এ যুগের বাঙালি লেখকদের বিষয়ে যে আলোকপাত করেছেন তা নিজের ভাষায় লেখো।

Maynaguri College Library

(খ) 'বিদ্যাপতি ও জয়দেব' প্রবন্ধে প্রাবন্ধিক বঙ্কিমচন্দ্র দুজন কবির যে তুলনামূলক আলোচনা করেছেন তা লেখো।

(গ) 'বাহুবল' এবং 'বাক্যবল' বলতে কী বোঝো ? সামাজিক দুঃখ এবং অত্যাচার কী উপায়ে দূরীকরণ সম্ভব তা 'বাহুবল না বাক্যবল' প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো।

(ঘ) 'প্রত্যেক মানুষের মধ্যে রয়েছে এক অতলস্পর্শী বিরহ।' — 'মেঘদূত' প্রবন্ধ অবলম্বনে রবীন্দ্রনাথের বিরহ ভাবনার পরিচয় দাও।

## DSE-1B

### নির্বাচিত উপন্যাস

১। যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) কৃষ্ণকান্ত কোন গ্রামের জমিদার ? তাঁর ভাইয়ের নাম কী ? তাঁর জমিদারির বার্ষিক আয় কত ?

(খ) কৃষ্ণকান্তের প্রথম উইলে সম্পত্তির বিভাজন উল্লেখ করো।

(গ) 'দেনাপাওনা' উপন্যাসে দেনাদার ও পাওনাদার কারা ?

(ঘ) 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসে কোন সামাজিক সমস্যার উল্লেখ রয়েছে ? এই সমস্যা কোন চরিত্রে প্রকাশ পেয়েছে এবং তার কী পরিণতি হয়েছিল ?

(ঙ) 'কাহাকে' উপন্যাসের অন্তর্গত একটি ইংরেজি সংলাপ অর্থসহ লেখো।

(চ) মণি চরিত্রটি কোন উপন্যাসে পাওয়া যায় ? উপন্যাসটি কত সালে প্রকাশিত ? এই উপন্যাসের প্রথম ইংরেজি অনুবাদটির নাম কী ?

২। যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) 'কাহাকে' উপন্যাসে রমানাথ চরিত্রটির গুরুত্ব বুঝিয়ে দাও।

(খ) 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসে মাধবীনাথ চরিত্রের গুরুত্ব আলোচনা করো।

(গ) নিম্নলিখিত চরিত্রগুলি কোন উপন্যাসের অন্তর্গত ?

রামকান্ত, এককড়ি, ছোটু, ক্ষীরি, জীবানন্দ, সোনা।

(ঘ) 'কাহাকে' উপন্যাসে স্বর্ণকুমারী দেবী ইঙ্গ-বঙ্গ সমাজের যে পরিচয় দিয়েছেন তা আলোচনা করো।

(ঙ) 'দেনাপাওনা' উপন্যাসে একটি অপ্রধান নারীচরিত্র আলোচনা করো।

(চ) 'দেনাপাওনা' উপন্যাসের কাহিনি নির্মাণে নির্মল ও হৈমবতী চরিত্রের গুরুত্ব আলোচনা করো।

৩। যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২= ২৪

(ক) 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসে বারবার উইল পরিবর্তন উপন্যাসের পরিণতি নির্ধারণে যে ভূমিকা নিয়েছে, তা আলোচনা করো।

(খ) গোবিন্দলাল চরিত্রটি নায়ক হিসেবে কতখানি সার্থক হতে পেরেছে, তা আলোচনা করো।

(গ) 'দেনাপাওনা' উপন্যাসে ষোড়শী চরিত্রের মধ্যে যে দ্বৈত সত্তার রূপ ফুটে উঠেছে তার পরিচয় দাও।

(ঘ) 'কাহাকে' উপন্যাসের নামকরণের সার্থকতা আলোচনা করো।

——×——

Maynaguri College Library